

বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যাবলী :

বীজ আইন, ২০১৮ এর ১৩নং অনুচ্ছেদ অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যাবলী নিম্নরূপ:

- (ক) বীজ উৎপাদকগণকে বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং মান নিয়ন্ত্রন সম্পর্কে পরামর্শ প্রদান;
- (খ) নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হইবার কারনে কোনো জাতের ছাড়করণ বা নিবন্ধন প্রত্যাহারের জন্য বোর্ডকে পরামর্শ প্রদান;
- (গ) বাজারকৃত বীজের মান নিয়ন্ত্রনের উদ্দেশ্যে বীজ পরীক্ষা ও পরিদর্শন;
- (ঘ) লেবেল বা চিহ্নযুক্ত বীজের নমুনা সংগ্রহপূর্বক যথাযথ পরীক্ষার মাধ্যমে উহাদের ঘোষিত মানের সঠিকতা যাচাইকরণ;
- (ঙ) বীজের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও মান নিয়ন্ত্রন সংক্রান্ত তথ্য এবং উপাত্ত সংগ্রহ;
- (চ) নিয়ন্ত্রিত বীজের প্রজনন বীজ, প্রত্যায়িত বীজ এবং ভিত্তি বীজ প্রত্যয়ন;
- (ছ) সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের বীজ প্রত্যয়ন;
- (জ) নিয়ন্ত্রিত ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ প্রক্রিয়ার সমন্বয় সাধন;
- (ঝ) কৃষক পর্যায়ে উন্নত বীজের ব্যবহার বৃদ্ধির জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান এবং
- (ঞ) এই আইনের বিধানাবলীর যথাযথ প্রয়োগ কার্যকর করা এবং উহা লঙ্ঘনকারী ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ।